শ্রীসত্যনারায়ণ ভকত
'ঊষা হোটেল'
পোঃ সাগরদীঘি, ( লোকাল )



R. N. No. 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিণ্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র
প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

'ছাউনির ক্ষেত্রে
অপূর্ব অবদান'
স্থায়িত্ব, নির্ভরতা, টেকসই ও মজবুতের জন্য একমাত্র এভারেষ্ট এ্যাসবেসটস শীট ব্যবহার করুন।
মহকুমার একমাত্র ডিলার :—
এস. কে. রায়
হার্ডওয়্যার ষ্টোর্স
রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ

৬৩শ বর্ষ
১৫শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১৫ই ভাদ্র, বুধবার, ১৩৮৩ সাল।
১লা সেপ্টেম্বর, ১৯৭৬ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬, সডাক ৭,

## গঙ্গা ভাঙনে নুরপুর নিশ্চিহ্ন, ধুলিয়ানে ব্যাপক ক্ষয়ক্ষতি দু'জনের প্রাণহানি, রঘুনাথগঞ্জে চোরাগোপ্তা ভাঙন মুখ্যমন্ত্রীর ভাঙন-বিধ্বস্ত এলাকা পরিদর্শন

বিশেষ প্রতিনিধি, ১ সেপ্টেম্বর—টানা এক মাস ধরে গঙ্গার প্রচণ্ড ভাঙনে জঙ্গিপুর মহকুমার মানচিত্র আর একবার পাল্টে গেল। ওই সময়ের মধ্যে নুরপুরদিয়াড় গ্রামটি ভাঙনের প্রকোপে নিশ্চিহ্ন হয়ে গিয়েছে। ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে ধুলিয়ানের। প্রাণহানি ঘটেছে দু'জনের। আজ কৃষিমন্ত্রী আবদুস সাত্তার, বিদ্যুৎমন্ত্রী এ বি এ গণি খান চৌধুরী সমভিব্যাহারে মুখ্যমন্ত্রী সিদ্ধার্থশঙ্কর রায় ধুলিয়ানের ভাঙন-বিধ্বস্ত এলাকা পরিদর্শন করেন। বিদ্যুৎমন্ত্রী জানান ত্রাণের জন্য রাজ্য সরকার গত পরশু ৫ লাখ টাকা মঞ্জুর করেছেন। আরো সাহায্য দানের জন্য সরকার চেষ্টা চালাচ্ছেন।

৩১ জুলাই থেকে ৩১ আগষ্ট পর্যন্ত ধুলিয়ানে ৪ বর্গমাইল এলাকা গঙ্গাগর্ভে বিলীন হয়েছে, ১৮৫ পরিবারের ১২৫২ জন গৃহহীন হয়েছেন, ৩টি গ্রাম ক্ষতিগ্রস্ত হয়েছে এবং দু'জনের প্রাণহানি ঘটেছে। সব মিলিয়ে ক্ষতির পরিমাণ প্রায় ৫ লাখ টাকা। সামসেরগঞ্জ ব্লক সূত্রে আজ এ খবর জানা যায়। ভাঙনে যে দু'জনের প্রাণহানি ঘটেছে তাদের একজন হোসেন মহালদার ( ১২ ) আরেকজন গোলজান খাতুন ( ৭ )। ভাঙন এখন ধুলিয়ান পুর এলাকা থেকে বাইরে মহেশপুর, মুস্কিনগর, বটতলা পর্যন্ত বিস্তৃত হয়েছে। জঙ্গিপুর মহকুমা শাসক মীরা সেনগুপ্ত গতকাল এক সাক্ষাৎকারে জানিয়েছেন, ধুলিয়ানের ভাঙনে সবচেয়ে বেশী ক্ষতিগ্রস্ত হয়েছে লক্ষ্মীনগর, পরাণপাড়া ও কৃষ্ণপুর এলাকা। ৩০ আগষ্ট পর্যন্ত ৯৭টি বাড়ী ধসে পড়েছে। ত্রাণ বাবদ ওই দিন পর্যন্ত ১১'৮০ কুঃ

—২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

## গাছ কাটার দায়ে

সাগরদীঘি : এগারটি আম গাছ কাটার অপরাধে এই থানার দোহালি গ্রামের বিশ্বনাথ চক্রবর্তী সহ চারজনের বিরুদ্ধে সাগরদীঘির

—২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

## গাছ খাওয়ানোর দায়ে

নিজস্ব সংবাদদাতা, রঘুনাথগঞ্জ : জঙ্গিপুর মহকুমা পুলিশ অফিসারের অফিস এলাকার আশেপাশের এবং বাগানের লিচু, ফুল প্রভৃতির চারা নষ্ট করে গরু-ছাগল। অনেক চেষ্টা করেও এ অপকীর্তি বন্ধ করা যায়নি এতদিন। গত সপ্তাহে সেই রকম একটি গরু বাগানের ফুলের চারা খেয়ে নিচ্ছিল। এন ভি এফ গরুটিকে আটকায় এবং পুলিশ গরুর মালিক বালিঘাটার চাঁদু ঘোষের বিরুদ্ধে ২৫ সি টি আইনে একটি মামলা রুজু করে।

## ছাত্রপরিষদের প্রতিষ্ঠা দিবস উপলক্ষে ৩৪ জন যুব-ছাত্রর রক্তদান

নিজস্ব সংবাদদাতা, ২৬ আগষ্ট ছাত্রপরিষদের ২৩ তম প্রতিষ্ঠা দিবস রঘুনাথগঞ্জে ছাত্র যুবদের রক্তদান অনুষ্ঠানের মধ্য দিয়ে পালিত হয়। রমজানের জন্য অনুষ্ঠান ২৮ আগষ্টের পরিবর্তে ২৬ আগষ্ট এগিয়ে নিয়ে যাওয়া হয়। আজ আনুষ্ঠানিকভাবে প্রথম রক্ত দিয়ে এই অনুষ্ঠানের উদ্বোধন করেন জেলা ছাত্রপরিষদ সভাপতি চিত্ত মুখোপাধ্যায়। উদ্বোধনী ভাষণে চিত্তবাবু ছাত্র-যুবদের গঠনমূলক ও সেবামূলক ভূমিকায় এগিয়ে আসার আহ্বান জানান। প্রধান অতিথি জেলা কংগ্রেসের সাঃ সম্পাদক আলি হোসেন মণ্ডল ছাত্রপরিষদ কর্মীদের দৃঢ় হস্তে স্বার্থান্বেষী গোষ্ঠীর মোকাবিলায় এগিয়ে আসার পরামর্শ দেন। অন্যান্যদের মধ্যে সভায় উপস্থিত ছিলেন মহঃ সোহরাব, এম এল এ নৃসিংহ মণ্ডল, এম পি লুৎফল হক, যুবনেতা রবীন্দ্র পণ্ডিত ও অন্যান্য যুব-ছাত্র নেতৃবৃন্দ। সভায় সভাপতিত্ব করেন এম এল এ হাবিবুর রহমান। সভার পর রক্তদান অনুষ্ঠান শুরু হয়। মোট ৩৪ জন যুব-ছাত্র অনুষ্ঠানে রক্ত দান করেন।

## নজরুল স্মরণে শোকসভা

নিজস্ব সংবাদদাতা, ৩১ আগষ্ট —২৯ আগষ্ট ঢাকায় বিদ্রোহী কবি নজরুলের পরলোকগমনে গতকাল জঙ্গিপুর সাহিত্য পরিষদ শোকদিবস পালন করেন। এই উপলক্ষে প্রথমে শোকমিছিল ও পরে শোকসভা অনুষ্ঠিত হয়। শোকসভায় বিভিন্ন বক্তা নজরুলকে শ্রদ্ধা জানান। সভাপতিত্ব করেন বিশ্বপতি চট্টোপাধ্যায়। জঙ্গিপুর টাউন ক্লাবের পরিচালনায় একটি মৌন মিছিল শহর পরিক্রমার পর শোকসভায় মিলিত হয়ে পরলোকগত বিদ্রোহী

—২য় পৃষ্ঠায় দ্রষ্টব্য

সব ফসলের উপযোগী
জীবাণু সার
এ্যাজোটোব্যাক্টর ও রাইজোবিয়াম
বাজারের নতুন সার
• দাম খুব কম
• ফলন বাড়ায় ১৫ শতাংশ
• জমির তেজ বাড়ায় আরো বেশী
প্রস্তুতকারক.
মাইক্রোবস ইণ্ডিয়া
৮৭. লেনিন সরণী. কলিকাতা-১৩

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ

# জঙ্গিপুর সংবাদ

১৫ই ভাদ্র বুধবার, সন ১৩৮৩ সাল।

## "ঘুমাইতে দাও……"

শেষ জীবনের প্রায় পঁয়ত্রিশ বৎসর এক ভাব-সমাহিত অবস্থায় কাটাইয়া কবি কাজি নজরুল ইসলাম গত ২৯শে আগষ্ট ব্রহ্মলীন হইলেন। পরিণত বয়সে তাঁহার মৃত্যু হইলেও এক আশ্চর্য পরিণামী প্রতিভার অবসানে জাতির চিত্তপটে শোকের ছায়াপাত স্বাভাবিক। তবে কবি যেরূপ অসহায় অবস্থায় দিন কাটাইতেছিলেন, তাহা আরও মর্মান্তিক ছিল।

দশ বৎসরের সাহিত্যসাধনার মধ্য দিয়া কবি যাহা দিয়া গিয়াছেন, একজনের পক্ষে সারা জীবনে তাহা করা সম্ভব নয়। সৈনিক বৃত্তি তিনি ত্যাগ করেন নাই; রকমফের ঘটাইয়াছিলেন মাত্র। কামান-বন্দুকের সৈনিকজীবন ছাড়িয়া লেখনীর অস্ত্রে তিনি জাতীয় জীবনে উন্নতির পরিপন্থী আন্তর শত্রু এবং রাজনৈতিক শত্রুর বিরুদ্ধে সংগ্রামে অবতীর্ণ হইলেন। স্বাধীনতাহীনতায় গর্জিয়া উঠিলেন কবি। তাঁহার অগ্নিস্রাবী কবিতায় ও গানে অগণিত স্বাধীনতা সংগ্রামী মরণপণ করিলেন, হাসি মুখে ফাঁসি বরণ করিলেন। নেতাজী সুভাষচন্দ্র বলিয়াছিলেন যে, নজরুলের গান গাহিয়া তালে তালে স্বাধীনতা সংগ্রামের সৈনিকেরা যেমন রণক্ষেত্রে অগ্রসর হইবে, তেমনি তাঁহারই গান গাহিয়া তাহারা ইংরাজ-কারাগারে প্রবেশ করিবে। পরাধীন এক জাতিকে নজরুল দুর্বার প্রাণশক্তিতে সঞ্জীবিত করিয়াছিলেন। তাঁহার 'অগ্নিবীণা' ইংরাজ সরকার একদা বাজেয়াপ্ত করেন। কবিকে কারাবরণও করিতে হয়। ইংরাজদের আচরণের প্রতিবাদে তাঁহাকে একচল্লিশ দিনের অনশন রবীন্দ্রনাথের হস্তক্ষেপে ভঙ্গ করিতে হয়। স্বাধীন ভারতের জাতীয় সরকার তাঁহাকে পদ্মভূষণ উপাধিতে ভূষিত করিয়া যোগ্য প্রতিভার স্বীকৃতি দিয়াছেন। আমাদের পত্রিকার প্রতিষ্ঠাতা সম্পাদক স্বর্গীয় দাদাঠাকুরকে কবি খুব ভক্তি করিতেন। তিনি দাদাঠাকুরের বিশেষ স্নেহভাজন ছিলেন। 'চন্দ্রবিন্দু' গ্রন্থটি কবি দাদাঠাকুরকে উৎসর্গ করেন।

কাজি নজরুল ছিলেন মানুষের কবি। মানবিক ধর্ম প্রতিষ্ঠাই ছিল তাঁহার লক্ষ্য। ধর্মান্ধতা, আভিজাত্য গর্ব, সংকীর্ণচিত্ততা প্রভৃতি যাহা জাতীয় জীবনের পরম শত্রু, তাহার জন্যও তিনি সমান সোচ্চার হইয়াছিলেন। তাঁহার 'দে গরুর গা ধুইয়ে,' 'বদ্না-গাড়ুর লড়াই' প্রভৃতি কবিতার মধ্য দিয়া তিনি ব্যঙ্গ বিদ্রূপের কশাঘাতে সাম্প্রদায়িক সংকীর্ণতার বিরুদ্ধে লড়িয়াছিলেন।

কবি নজরুল অজস্র গানও লিখিয়াছিলেন। তাঁহার গজল ও ঠুংরি ঠাটের সঙ্গীতে এক বিশিষ্ট শিল্পরীতি আছে। নজরুলগীতি বাংলা সঙ্গীত ভাণ্ডারের একটি সম্পদ এবং তাহা এক বিশেষ ধারায় মহিমান্বিত। বিভিন্ন রাগ-রাগিণীর ভিতর দিয়া কবি প্রায় সাড়ে পাঁচ হাজার গান লিখিয়াছিলেন। তাঁহার 'শূন্য এ বুকে পাখি মোর আয়,' 'জীবন সন্ধ্যা আসিল ওই,' 'ফুলের জলসায় নীরব কেন কবি,' 'ফুল করবী ঘোমটা খোল ডাকছে গাছে বুলবুলি' প্রভৃতি গান (কত নাম করিব?) বিশেষ আবেদনে মণ্ডিত।

তিনি ছিলেন একজন সাধক। পবিত্র রমজান, ইদ্-উল ফিতর, রোজা লইয়া রচিত গানে তিনি একজন একনিষ্ঠ ইসলামী। আবার তাঁহারই 'বল রে জবা বল,' 'আর লুকাবি কোথা মা কালী,' 'শ্মশানে জাগিছে শ্যামা মা'—বিশিষ্ট শাক্ত-সঙ্গীতে তিনি এক মহাযোগী। রাধাকৃষ্ণলীলার গানেও তিনি পরম বৈষ্ণব। কবি নজরুল লালগোলা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক যোগসাধক বরদাচরণ মজুমদারের নিকট মন্ত্রদীক্ষা লইয়াছিলেন এবং তৎপ্রদর্শিত ধারায় তিনি যোগসাধনও করিতেন।

বাংলার সাহিত্যাকাশে কবির আবির্ভাব জলন্ত উল্কা পিণ্ডের ন্যায় আকস্মিক হইলেও তাঁহার সাহিত্যকৃতি অগ্নিদীপ্তিতে চিরভাস্বর; আবার অন্তরের কোমল তন্ত্রীতে তাহা তেমনি রস সঞ্চার করে। ঢাকা বিশ্ববিদ্যালয় প্রাঙ্গণে ধরিত্রীর প্রগাঢ় উষ্ণমমতায় কবি আজ শান্তির নিদ্রায় নিদ্রিত। আমরা তাঁহার অমর আত্মার প্রতি শ্রদ্ধা-প্রণতি জানাইতেছি।

## ২০২ জনের সুবর্ণ সুযোগ গ্রহণ

নিজস্ব সংবাদদাতা, ২৭ আগষ্ট—গতকাল শ্রীকান্তবাটী হাই স্কুলের পরিবার পরিকল্পনা শিবিরে রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বিভিন্ন গ্রাম থেকে এক দিনেই ২০০ জন পুরুষ ভ্যাসাকটমি এবং ২ জন মহিলা টিউবেকটমি অপারেশন করান। বর্তমানে জঙ্গিপুর মহকুমায় পরিবার পরিকল্পনা রূপায়ণে একদিনের এই সাফল্য উল্লেখযোগ্য।

**বাঘায় লক্ষ্যমাত্রা অতিক্রান্ত :** অপর এক সংবাদে প্রকাশ রঘুনাথগঞ্জ ১নং ব্লকের বাঘা গ্রামটি পরিবার পরিকল্পনা রূপায়ণে লক্ষ্যমাত্রা অতিক্রম করেছে। এবার তার লক্ষ্যমাত্রা ছিল ১১০। সকলেই ইতিমধ্যে জন্ম-নিরোধক ব্যবস্থা গ্রহণ করেছেন।

### গঙ্গা ভাঙনে নুরপুর নিশ্চিহ্ন

১ম পৃষ্ঠার পর

গম বিলি করা হয়েছে, ত্রিপল পাঠানো হয়েছে এবং কিছু কাপড় দেওয়া হয়েছে। পুনর্বাসনের জন্য জমি খোঁজা হচ্ছে। এ খবর লেখার সময় ভাঙন অব্যাহত আছে। গঙ্গার জল বিপদ-সীমা অতিক্রম করেছে।

নুরপুরদিয়াড় থেকে পাওয়া খবরে জানা গিয়েছে, দু'মাস আগে যে গ্রামটি ছিল, এক মাসের প্রচণ্ড ভাঙনে সেটি আর নাই। আজ সেখানে মহা কলরবে ঘোষিত হচ্ছে কীর্তিনাশা উন্মত্ত পদ্মার চঞ্চল ফেনায়িত আর উদ্বেলিত তরঙ্গলহরীর নির্মম বিজয়-উল্লাস। হতভাগ্য বাস্তুহারা গ্রামবাসীরা আশ্রয় নিয়েছেন ফতুল্লাপুর স্কুল প্রাঙ্গণে এবং পার্শ্ববর্তী আবাদী জমিতে। পদ্মার এই ভয়াবহ ভাঙন ফতুল্লাপুর, সোদপুর, লবণচোয়া, চাঁদপুর, নয়াবাহাদুরপুর, মোমিনটোলা, ভৈরবটোলা প্রভৃতি নিকটবর্তী জনবহুল গ্রামগুলিকে ভবিষ্যতের সেই বিভীষিকাময় চরম মুহূর্তের সঙ্কেত দিচ্ছে।

এদিকে জঙ্গিপুর পুরসভার ১২নং ওয়ারডে এক জায়গায় ভাগীরথীর চোরাগোপ্তা ভাঙ্গন দেখা গিয়েছে। জায়গাটি ভাগীরথী তীরে রঘুনাথগঞ্জ শহরের দিকে। মাটির নীচে বেশ কিছুটা জায়গা জুড়ে চোরাগোপ্তা ভাঙন দেখে অনেকে আশঙ্কা করছেন যেভাবে কাটছে তাতে গঙ্গা ভাঙনের মত ভাঙন না শুরু হয়ে যায়।

### আগুনে পুড়ে মৃত্যু

রঘুনাথগঞ্জ ২৭ আগষ্ট—গতকাল দুপুরে এই থানার নিস্তা গ্রামের উপেন মণ্ডলের বৌ স্বামীর সঙ্গে বিবাদ করে নিজের গায়ে কেরোসিন ঢেলে আগুন লাগিয়ে পুড়ে মরেছে বলে খবর পাওয়া গিয়েছে।

### নজরুল স্মরণে শোকসভা

১ম পৃষ্ঠার পর

কবির স্মৃতির উদ্দেশ্যে শ্রদ্ধা নিবেদন করেন আজ জঙ্গিপুর আদালতে ফৌজদারি ও দেওয়ানি বার এসোশিয়েশন নজরুল ইসলামের মৃত্যুতে শোকসভা পালন করেন। সভায় সভাপতি এস ডি জে এম জামসেদ আলি খানসহ অন্যান্যরা কবির প্রতি গভীর শ্রদ্ধা জানান। গতকাল জঙ্গিপুর মহকুমা শাসকের অফিসে সর্বস্তরের সরকারী কর্মচারী বাঙলার জাতীয় কবি কাজি নজরুল ইসলামের প্রবাসে মহাপ্রয়াণে তাঁর স্মৃতির প্রতি শ্রদ্ধা জানান এবং একটি শোক প্রস্তাব গ্রহণ করে কবির শোকসন্তপ্ত পরিবারের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করেন। রঘুনাথগঞ্জ থানার রাণীপুর গ্রাম, সাগরদীঘির হরহরি শান্তি আলয় সমিতি এবং জঙ্গিপুর মহকুমার বিভিন্ন জায়গায় কবির মৃত্যুতে শোক প্রকাশের খবর পাওয়া গিয়েছে।

**বেদনা :** জঙ্গিপুর থেকে কেকা দে এক চিঠিতে জানিয়েছেন যে, সাহিত্য পরিষদ আয়োজিত নজরুল স্মরণে মৌন পথ পরিক্রমায় মিছিলকারীদের পায়ে জুতো দেখে তিনি ব্যথিত হয়েছেন। কারণ মৌন পথ পরিক্রমা নগ্নপদে হয়, জুতো পরে নয়।

### গাছ কাটার দায়ে

১ম পৃষ্ঠার পর

জে এল আর ও ৪ বি ১ ধারায় একটি অভিযোগ করেন। মুর্শিদাবাদের অতিরিক্ত জেলা শাসক (ভূমি রাজস্ব বিভাগ সেই অভিযোগের ভিত্তিতে ৪ বি-২ ধারায় প্রত্যেককে দোষী সাব্যস্ত করে মাথা পিছু দেড় হাজার টাকা করে জরিমানার আদেশ দেন। অভিযুক্তরা প্রেসিডেনসি বিভাগের ডিভিসনাল কমিশনারের কাছে সেই আদেশের বিরুদ্ধে আবেদন জানালে গত ৩১ জুলাই জরিমানার আদেশ কার্যকর স্থগিত রাখার নির্দেশ দেওয়া হয়।

# জাতীয় সঞ্চয় প্রকল্প

## ডাকঘরে টাকা রেখে দেশের এবং আপনার শ্রীবৃদ্ধি করুন ঃ

### ডাকঘর সঞ্চয় ব্যাঙ্ক

আয়কর মুক্ত সুদ ৫% বাৎসরিক আমানতে কমপক্ষে ২০০ টাকা জমায় বছরে ২বার লটারির সুযোগ ( ১১°১১৬টি পুরস্কারে ২০°৫০ লক্ষ টাকা )

### ডাকঘর মেয়াদী জমা

| | | | |
|---|---|---|---|
| | বাৎসরিক | সুদ | ১ বছরে ৮% |
| ঐ | ,, | ,, | ২ বছরে ৮½% |
| ঐ | ,, | ,, | ৩ বছরে ৯% |
| ঐ | ,, | ,, | ৫ বছরে ১০% |

### জাতীয় সঞ্চয় সার্টিফিকেট ৭ বছরে

চতুর্থ পয্যায় ( বাৎসরিক ) সুদ ১০½%
পঞ্চম ,, ,, ,, ১৪%

### ডাকঘর পৌনঃপুণিক জমা (R.D)

৫ বছরে সুদ চক্রবৃদ্ধি হারে ৯·২৫% সেই সঙ্গে জীবনবীমার আকর্ষণীয় সুযোগ

### ডাকঘর ক্রমবর্দ্ধমান মেয়াদী ( C.D )

১০ বছরে সুদ চক্রবৃদ্ধি হারে ৬·২৫% সেই সঙ্গে জমা টাকা আয়কর থেকে রেহাই

### বিশদ বিবরণের জন্য খোঁজ করুন ঃ

যে কোন ডাকঘর
জেলা সঞ্চয় আধিকারিক বহরমপুর
জেলা এবং মহকুমা তথ্য ও জনসংযোগ আধিকারিক
সরকার অনুমোদিত এজেন্ট

( মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর থেকে প্রেরিত )

## খেলার খবর

সাগরদীঘি, ৩০ আগষ্ট — সাগরদীঘি ক্রীড়া পরিষদ পরিচালিত ফুটবল টুরনামেনটের দ্বিতীয় পর্যায়ের খেলায় ২৫ আগষ্ট গফুরপুর মিলন সংঘ পাঠাগার ১—০ গোলে গোবরহাটি নূতন গ্রাম বালক সমিতিকে, ২৬ আগষ্ট বারা যুব সমিতি ৩—০ গোলে জিয়াগঞ্জ বি এস এ-কে, ২৮ আগষ্ট জঙ্গিপুর মহকুমা আরক্ষা বাহিনী ৪—০ গোলে নশীপুর মিতালী সংঘকে এবং গতকাল জঙ্গিপুর কলেজ ২—০ গোলে ভগবানগোলা এ সি-কে পরাজিত করেন।

**খেলোয়াড় জখম, খেলা পণ্ড :** রঘুনাথগঞ্জ, ৩০ আগষ্ট — এস ডি ও মাঠে গতকাল অফিস লীগে ষ্টেট ব্যাঙ্ক ও ন্যাশনাল হাইওয়ে দলের মধ্যে খেলা ছিল। খেলা চলার সময় ন্যাশনাল হাইওয়ে দলের দু'জন খেলোয়াড় জখম হলে উত্তেজিত দর্শক মাঠের মধ্যে ঢুকে পড়েন এবং প্রথমার্ধেই খেলা পণ্ড হয়। আহত খেলোয়াড়দের একজনকে হাসপাতালে ভর্তি করা হয়েছে।

**যুবক সংঘ শীল্ড পেল :** রঘুনাথগঞ্জ, ১ সেপ্টেম্বর আজ লীগ পর্য্যায়ের শেষ খেলায় যুবক সংঘ অগ্নি ফৌজকে ৩—২ গোলে পরাজিত করে অপরাজিত লীগ চ্যামপিয়ান হয় এবং পঙ্কজ মেমোরিয়াল শীল্ড লাভ করে।

Wanted a duly qualified graduate craft teacher for Maldova P. K. High School, P. O. Rajanagar ( Msd ). Preference to B. Sc. ( strong in Math ). Apply to the Secretary by 14. 9. 76.

এখন দুর্গাপুর সিমেন্ট
২১.৫০ পঃ মূল্যে
পাওয়া যাচ্ছে
মাঙ্গিলাল মুন্দ্রা (ষ্টকিষ্ট)
জঙ্গিপুর ফোন- ২১
সৌজন্যে : মুন্দ্রা বস্ত্রালয়
জঙ্গিপুর ফোন—৩৯

মণীন্দ্র সাইকেল ষ্টোরস্
রঘুনাথগঞ্জ
হেড অফিস—সদরঘাট
ব্রাঞ্চ—ফুলতলা
বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি
সিনিয়র রুস্তম বিড়ি
বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী
পোঃ ধুলিয়ান ( মুর্শিদাবাদ )
সেলস্ অফিস : গোহাটি ও তেজপুর
ফোন : ধুলিয়ান—২১

## কৃষি সংবাদ

গত ১লা জুলাই ১৯৭৬ থেকে সরকার এ জেলায় উৎপাদিত পাটের ক্রয় বিক্রয়ের সর্ব্বনিম্ন দাম নির্দ্ধারণ করে দিয়েছেন। ক্রেতা ও বিক্রেতা সাধারণকে অনুরোধ করা যাচ্ছে তাঁরা নিম্নলিখিত মান অনুযায়ী কেউ যেন নির্দ্দিষ্ট দাম ছাড়া কেনা বেচা না করেন।

মান অনুযায়ী কুইন্ট্যাল প্রতি অনুমোদিত দাম।

পাটের জাত :—

ডব্লু-১ ডব্লু-২ ডব্লু-৩ ডব্লু-৪ ডব্লু-৫ ডব্লু-৬ ডব্লু-৭ ডব্লু-৮

টিডি-১ টিডি-২ টিডি-৩ টিডি-৪ টিডি-৫ টিডি-৬ টিডি-৭ টি ড-৮

সাদা : ১৮৯.৫০ ১৭৯.৫০ ১৬৮.৫০ ১৫৮.৫০ ১৪৮.৫০ ১৩৯.৫০ ১৩০.৫০ ১২২.৫০

তোষা : ২০০.০০ ১৯০.০০ ১৭৯.০০ ১৬৯.০০ ১৫৯.০০ ১৫০.০০ ১৪২.০০ ১৩৩.০০

স্বাঃ কৃষি আধিকারিক
মুর্শিদাবাদ

( মুর্শিদাবাদ জেলা তথ্য ও জনসংযোগ দপ্তর হইতে প্রেরিত )

আর কয়লা ব্যবহারের প্রয়োজন নেই

ধোঁয়াহীন জ্বালানী আজই ব্যবহার করুন

- এতে ধোঁয়া একেবারেই হয় না।
- আঁচও বেশ জোরালো এবং বহুক্ষণ স্থায়ী হয়।
- কয়লা ভাঙ্গার কোন ঝামেলাই থাকে না।
- রান্নার সরঞ্জামে কালো দাগ লাগার কোন প্রশ্নই উঠে না।
- হ্যাঁ, ঘরও বেশ পরিচ্ছন্ন থাকে।
- এর ব্যবহার ঠিক কয়লার মতই সহজ।
- রান্নার পর জ্বলন্ত অবস্থায় এগুলোকে চিমটে দিয়ে তুলে ঠাণ্ডা করে রাখলে পরদিন আবার ব্যবহার করতে পারা যায়

প্রস্তুতকারক—মডার্ণ ব্রিকেট্ ইনডাস্ট্রিজ
মিঞাপুর
রঘুনাথগঞ্জ ( মুর্শিদাবাদ )

জবাকুসুম

তেল মাখা কি ছেড়েই দিলি?
তা কেন, দিনের বেলা তেল মেখে ঘুরে বেড়াতে অনেক সময় অসুবিধা লাগে।
কিন্তু তেল না মেখে চুলের যত্ন নিবি কি করে?
আমি তো দিনের বেলা অসুবিধা হলে রাত্রে শুতে যাবার আগে ভাল করে জবাকুসুম মেখে চুল আঁচড়ে শুই।
জবাকুসুম মাখলে চুল তো ভাল থাকেই ঘুমও ভারী ভাল হয়।

সি. কে. সেন অ্যাণ্ড কোং প্রাইভেট লিঃ
জবাকুসুম হাউস,
কলিকাতা, নিউ দিল্লী



রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।